

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৮.০০১.২৫. ২০২৫৩

তারিখ: ০৬/০২/২০২৫

**বিষয়: এলজিইডি'র PMIS হালনাগাদ এবং অপব্যবহার রোধ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের PMIS হালনাগাদ এবং অপব্যবহার/প্রতারণা রোধ করার এলজিইডি'র PMIS সম্পর্কিত নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো:

- (ক) এলজিইডি'র PMIS আবশ্যিকভাবে সংশ্লিষ্ট সকলকে হালনাগাদ করতে হবে;
- (খ) দপ্তর প্রধান অর্থাৎ প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, প্রকল্প পরিচালক, অঞ্চল ও সদর দপ্তর পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিভাগীয় ও সদর দপ্তর পর্যায়ের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ PMIS এর নিজস্ব Password অবিলম্বে পরিবর্তন করবেন ও কোন অবস্থাতেই Password অন্য কাউকে শেয়ার করবেন না;
- (গ) বদলি/ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে দপ্তর প্রধান কর্তৃক PMIS ব্যবহারের সময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী'কে PMIS Login করে দেবেন এবং কাজ শেষে আবশ্যিকভাবে PMIS Logout করবেন;

এতদুদ্দেশ্যে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী (তঁর কার্যালয় এবং আওতাধীন উপজেলাসমূহ), আঞ্চলিক ও সদর দপ্তর পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক এবং বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে স্ব-স্ব কার্যালয়ের PMIS আবশ্যিকভাবে হালনাগাদ নিশ্চিত করবেন। বর্ণিত নির্দেশনা পরিপালনের ব্যত্যয়ে PMIS অপব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। PMIS হালনাগাদকরণে বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ তাঁর অধিক্ষেত্রের অভ্যন্তরে সমন্বয়কের ভূমিকা পালন করবেন।

  
(কাজী সাইফুল কবীর)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন)

ফোন: ৪৪৮২৬১০১

ই-মেইল: [se.admin@lged.gov.bd](mailto:se.admin@lged.gov.bd)

**অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল), এলজিইডি,..... বিভাগ, জেলা:.....।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল), এলজিইডি,..... অঞ্চল, জেলা:.....।
- ৫) প্রকল্প পরিচালক(সকল),....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৬) নির্বাহী প্রকৌশলী(সকল), এলজিইডি, জেলা:.....।
- ৭) সিস্টেম এনালিস্ট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৮) নির্বাহী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯) উপজেলা প্রকৌশলী(সকল), এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।